

যুগান্তর

গ্রামের শিক্ষার্থীরাও উচ্চশিক্ষা লাভের সুবিধা পাচ্ছে

আমীর হোসেন আমু

প্রকাশ : ২৮ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



নলছিটি (ঝালকাঠি) প্রতিনিধি

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও সাবেক শিল্পমন্ত্রী আমীর হোসেন আমু বলেছেন, এখন গ্রামের শিক্ষার্থীরাও যুগোপযোগী উচ্চশিক্ষা লাভের সব সুযোগ-সুবিধা পাচ্ছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে আধুনিক ও যুগোপযোগী করার বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সবকিছুই সম্ভব হয়েছে শেখ হাসিনা প্রধানমন্ত্রী থাকার কারণে। রোববার নলছিটিতে শিক্ষাপ্রতিষ্ঠানে বিজ্ঞানসামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরার সেকেন্ডারি অ্যাডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেসিপ) আওতায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস স্থানীয় পৌরসভা মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করে। নলছিটি উপজেলা পরিষদ চেয়ারম্যান সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন ইউএনও রুপসা সিকদার, পৌর মেয়র তছলিম উদ্দিন চৌধুরী ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আনোয়ার আজিম, অধ্যক্ষ মাওলানা দেলোয়ার হোসেন, প্রধান শিক্ষক মো. মজিবুর রহমান। উপস্থিত ছিলেন জেলা পরিষদ চেয়ারম্যান সরদার মো. শাহ আলম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খান সাইফুল্লাহ পনির প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।